

রাবিতেও দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ বাতিল

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার
ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ
বাতিল করা হয়েছে। গতকাল
শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক কাউন্সিলের সভায় এ
সিদ্ধান্ত এরপর পৃষ্ঠা ৯, কলাম ৬

রাবিতেও দ্বিতীয়বার

(শেষ পৃষ্ঠার পর) নেওয়া হয়।
বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক
চৌধুরী সারওয়ার জাহান এ তথ্য
নিশ্চিত করেছেন। সারওয়ার জাহান
বলেন, ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে এ
সিদ্ধান্ত কার্যকর হবে। সিক্স অনূযায়ী
আগামী শিক্ষাবর্ষে ২০১৬ সালে
এইচএসসি পাস করা শিক্ষার্থীরাই শুধু
অংশগ্রহণ করতে পারবেন। ২০১৫-
১৬ শিক্ষাবর্ষে যারা ভর্তি পরীক্ষায়
অংশগ্রহণ করেছেন, তারা আর ভর্তি
পরীক্ষায় অংশ নিতে পারবেন না।
এবার (২০১৫-১৬) রাজশাহী
বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি
পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ
পেয়েছিলেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে,
গতকাল বিকালে বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য অধ্যাপক মুহম্মদ
মিজানউদ্দিনের সভাপতিত্বে
একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত
হয়। সভায় সর্বসম্মতিক্রমে দ্বিতীয়বার
ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ
বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য
অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান
বলেন, এর আগে ডিনস কমিটিতে ও
ভর্তি পরীক্ষা কমিটিতে এটি নিয়ে
আলোচনা করা হয়। সর্বশেষ
একাডেমিক কমিটিতে ম্যালোচনার
মাধ্যমে সর্বসম্মতিক্রমে দ্বিতীয়বার
ভর্তির সুযোগ বাতিলের সিদ্ধান্ত হয়।
এই সুযোগ থাকলে যারা দ্বিতীয়বার
পরীক্ষা দেন, তারা পরীক্ষার প্রত্নতির
বেশি সময় পায়। অথচ যারা প্রথমবার
পরীক্ষা দেয় তারা প্রত্নতির কম সুযোগ
পায়। ফলে অসম ভর্তি প্রতিযোগিতা
হয়। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে
ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণের
সুযোগ বাতিল করা হয়। এ নিয়ে
আন্দোলন করেন ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তের
বিরুদ্ধে হাইকোর্টে রিটও করা হয়।
তবে তা খারিজ হয়ে যায়।